# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 04-06-2024

***Time: 19:45-19:55 Hrs***

---------------------------------------

(১) লোকসভা নির্বাচনে বিজেপি নেতৃত্বাধীন এন ডি এ জোট জয়ের পথে/ শেষ পাওয়া তথ্য অনুসারে বিজেপির ১১০ টি আসন লাভ/

(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্‌রজয়লাভ/ ওয়ানাডে কংগ্রেস নেতা রাহুল গান্ধী জয়ী/

(৩) আসামে ৯টি আসনে বিজেপি এবং অসম গণপরিষদ ও ইউপিপিএল-এর একটিতে অগগ্রতি/ তিনটিতে কংগ্রেস প্রার্থীরা এগিয়ে/

(৪) বরাক উপত্যকার দুটি আসনেই বিজেপি প্রার্থীরা এগিয়ে/

এবং

**(৫) ফলাফলের পর প্রধানমন্ত্রী শ্রী মোদীর আজ সন্ধ্যায় বিজেপির কর্মকর্তাদের সম্বোধন/ কংগ্রেস নেতা রাহুল গান্ধীর ভোটদাতাদের ধন্যবাদ/**

-----------------------------------------------------------------------

নির্বাচন কমিশনের পক্ষ থেকে শেষ পাওয়া তথ্য অনুসারে দেশে বিজেপি নেতৃত্বাধীন এন ডি এ মিত্রজোট ১১৬টি আসনে জয়ী হয়েছে এবং ১৭৫ টি আসনে এগিয়ে রয়েছে । এদিকে আই এন ডি এ মিত্রজোট ৪৬ টি আসনে জয়লাভ করেছে এবং ১৮৭ টি আসনে এগিয়ে রয়েছে । বিজেপি একাই ১১০টি আসনে জয়ী হয়েছে । এবং ১৩০ টিতে এগিয়ে আছে । কংগ্রেস একা ৩৮টি আসনে জয়ী হয়েছে । এবং ৬১টিতে এগিয়ে রয়েছে । এদিকে জনতা দল সেকুলার দুটি-, আম আদমি পার্টি এবং হিন্দুস্তান আওয়াম মোর্চা সেকুলার একটি করে আসনে জয়ী হয়েছে ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বারাণসী আসনে তাঁর নিকটবর্তী প্রতিদ্বন্দী অজয় রাই থেকে দেড় লক্ষের বেশি ভোটে জয়ী হয়েছেন। এদিকে কেরালার ওয়ানাড আসনে কংগ্রেসের রাহুল গান্ধী জয়ী হয়েছেন।

গুজরাটের গান্ধীনগরে বিজেপির অমিত শাহ্ জয়লাভ করেছেন । কর্ণাটকের হাভেরি থেকে বিজেপির বাসবরাজ বোম্মাই বিজয়ী হয়েছেন । বাঙ্গালুরু নর্থ থেকে বিজেপির শোভা করণরাজ জয়লাভ করেছেন । মেঘালয়ের তূরা আসনে কংগ্রেসের সোলেং এ সাংমা এন পি পি’র আগাথা কে. সাংমাকে পরাজিত করে জয়ী হয়েছেন । এছাড়া বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে যাদের জয়লাভের খবর এপর্যন্ত পাওয়া গেছে, তাদের মধ্যে - তিনজন প্রাক্তন মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান, চরণজিৎ সিং চুন্নি, জীতেনরাম মাঝি এবং দুই প্রাক্তন মন্ত্রী পুরুষোত্তম রূপালা ও প্রহ্লাদ যোশী রয়েছেন ।

-----------------------------------------------------------------------

সমগ্র দেশের বিভিন্ন রাজ্যের আজ অনুষ্ঠিত লোকসভা নির্বাচনের ভোট গণনা অনুযায়ী ।

পশ্চিমবংগে মোট ৪২ টি আসনের মধ্যে তৃণমূল কংগ্রেস ৪টি আসনে জয়ী ও  ২৫ টিতে এগিয়ে , বিজেপি ১২ টি এবং কংগ্রেস ১ টি আসনে এগিয়ে রয়েছে ।

বিহারে মোট ৪০ টি লোকসভা আসনের মধ্যে বিজেপি ৪ টি আসনে জয়ী হয়েছে ৮ টিতে এগিয়ে , ,এবং  কংগ্রেস ১ টিতে জয়ী  ২ টিতে এগিয়ে রয়েছে । জনতা দল ইউনাইটেড ১২ টি তে  আর জে ডি ৪ টিতে এগিয়ে রয়েছে । লোক জনশক্তি পার্টি  ৫ টি আসনে এগিয়ে রয়েছে

গুজরাটে মোট ২৬ টি আসনের মধ্যে বিজেপি ২৩ টি আসনে জয়লাভ করেছে । এগিয়ে রয়েছে ২ টি আসনে , কংগ্রেস ১ টি আসনে এগিয়ে রয়েছে ।

হরিয়ানায় ১০ টি আসনের মধ্যে  কংগ্রেস ২ টি আসনে জয়ী হয়েছে এবং ৩ টি আসনে এগিয়ে রয়েছে । বিজেপি ৫ টি আসনে এগিয়ে রয়েছে ।

পাঞ্জাবে ১৩ টি আসনের মধ্যে কংগ্রেস ৬ টি আসনে জয়ী হয়েছে ও ১ টি আসনে এগিয়ে রয়েছে । আম আদমী পার্টি ৩ টি আসনে জয়ী হয়েছে ।

মহারাষ্ট্রে মোট ৪৮ টি লোকসভা আসনের মধ্যে কংগ্রেস ১ টি আসনে জয়ী হয়েছে এবং ১২ টি আসনে এগিয়ে রয়েছে ।শিবসেনা ( উদ্ধব ঠাকরে ) ২ টি আসনে জয়ী হয়েছে ও ৭ টি আসনে এগিয়ে রয়েছে ।এন সি পি ১ টি আসনে জয়ী হয়েছে । বিজেপি ৩ টিতে জয়ী হয়েছে এবং ৭ টি আসনে এগিয়ে রয়েছে ।এন সি পি ( এস পি ) ১ টি আসনে জয়ী ও ৬ টিতে এগিয়ে রয়েছে । শিবসেনা ( এস এইচ এস ) ২ টি আসনে জয়ী এবং ৫টিতে এগিয়ে রয়েছে ।

উত্তরপ্রদেশে মোট ৮০ টি আসনের মধ্যে বিজেপি ১২ টিতে জয়ী হয়েছে এবং ২০ টি আসনে এগিয়ে রয়েছে । সমাজবাদী পার্টি ১১ টি আসনে জয়ী ও ২৭ টিতে এগিয়ে রয়েছে । কংগ্রেস ৩ টি আসনে জয়ী হয়েছে ও ৩ টি আসনে এগিয়ে রয়েছে ।

মধ্যপ্রদেশে মোট ২৯ টি আসনের মধ্যে বিজেপি ১৭ টিতে জয়ী হয়েছে এবং ১২ টিতে এগিয়ে রয়েছে ।

কর্নাটকে ২৮ টি আসনের মধ্যে বিজেপি ১৭ টিতে জয়ী হয়েছে ।কংগ্রেস ৯ টিতে জয়ী ও জনতা দল সেকুলার ২ টি আসনে জয়ী হয়েছে ।

কেরালায় ২০ টি আসনের মধ্যে কংগ্রেস ১১ টিতে জয়ী ও ৩ টিতে এগিয়ে রয়েছে । বিজেপি ১ টি আসনে জয়ী হয়েছে ।সিপিআইএম ১ টিতে জয়ী হয়েছে ।

তামিলনাড়ু ৩৯ টি আসনের মধ্যে ডি এম কে ৩ টি আসনে জয়ী ১৯ টিতে এগিয়ে । কংগ্রেস ৯ টি আসনে এগিয়ে রয়েছে । সিপিআই ২ টিতে ও সি পিআই এম ২ টি আসনে এগিয়ে রয়েছে ।

তেলেংগানায় মোট ১৭ টি আসনের মধ্যে বিজেপি ২ টি আসনে জয়ী ও ৬ টিতে এগিয়ে রয়েছে । কংগ্রেস ১ টি আসনে জয়ী ও ৭ টি আসনে এগিয়ে রয়েছে ।

দিল্লীতে মোট ৭ টি আসনের মধ্যে বিজেপি ৭ টি আসনেই এগিয়ে রয়েছে ।

রাজস্থানে মোট ২৫ টি আসনের মধ্যে বিজেপি ৯ টি জয়ী ও ৫ টি আসনে এগিয়ে রয়েছে । কংগ্রেস ৫ টিতে জয়ী ও ৩ টিতে এগিয়ে রয়েছে ।

অন্ধ্রপ্রদেশে মোট ২৫ টি আসনের মধ্যে বিজেপি ২ টি আসনে জয়ী ও ১ টি আসনে এগিয়ে রয়েছে ।তেলেগু দেশম ১ টিতে জয়ী ১৫ টিতে এগিয়ে রয়েছে ।

ওড়িষ্যায় মোট ২১ টি আসনের মধ্যে বিজেপি ১৯ টি আসনে এগিয়ে রয়েছে । বিজু জনতা দল ও কংগ্রেস ১ টি করে আসনে এগিয়ে রয়েছে ।

---

সিকিম সহ উত্তরপূর্বাঞ্চলের ৮ টি রাজ্যের ভোট গণনা অনুযায়ী অরুনাচল প্রদেশে ২ টি আসনের মধ্যে দুটিতেই বিজেপি জয়ী হয়েছে ।অরুনাচল পূর্ব

আসনে বিজেপি প্রার্থী তাপির গাও তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেসের বসীরাম সিরাম থেকে ৩০ হাজার ৪২১ ভোটের ব্যবধানে জয়ী হয়েছেন ।অরুনাচল পশ্চিম আসনে কেন্দ্রীয় মন্ত্রী বিজেপির কিরেন রিজিজু তার নিকটতম প্রতিদ্বন্দী কংগ্রেসের নাবাম টুকিকে ১ লক্ষ ৭৩৮ ভোটের ব্যবধানে পরাজিত করেছেন । শ্রী রিজিজু ২ লক্ষ ৫ হাজার ৪১৭ টি ভোট পেয়েছেন ।

মিজোরামে ১ টি আসনে জোরাম পিপলস মুভমেন্ট এগিয়ে রয়েছে ।

নাগাল্যান্ডের ১ টি আসনে বিজেপি জয়ী হয়েছে । মেঘালয়ে ২ টি আসনের মধ্যে ভয়েস অফ দ্য পিপল পার্টি ও কংগ্রেস ১ টি করে আসনে জয়ী হয়েছে ।

মনিপুরে ২ টি আসনের মধ্যে কংগ্রেস ২ টি আসনেই এগিয়ে ।

ত্রিপুরায় মোট ২ টি আসনের মধ্যে বিজেপি দুটিতেই জয়ী হয়েছে ।

সিকিমের ১ টি আসনে সিকিম ক্রান্তীকারী মোর্চা জয়ী হয়েছে ।

---------------------------------------------------------------------------

আসামের ১৪ টি লোকসভা আসনের ভোটগণনা প্রায় শেষ হয়ে এসেছে । নির্বাচন কমিশনের শেষ তথ্য অনুসারে বিজেপি ন'টি আসনে এবং অগপ এবং ইউপিপিএল একটি করে আসনে এগিয়ে রয়েছে ।

---------------------------------------------------------------------------

আসামের বাকি ১৪টি আসনের বর্তমান অবস্থান-

(১) দরং-উদালগুড়ি আসনে- বিজেপির দিলীপ শইকিয়া ৩ লক্ষ ২০ হাজার ৫৩৪ টি ভোটে কংগ্রেসের মাধব রাজবংশীর থেকে এগিয়ে রয়েছেন । শ্রী শইকিয়া পেয়েছেন ৮ লক্ষ ৫৬ হাজার ৩৬৩ টি ভোট । এবং শ্রী রাজবংশী পেয়েছেন- ৫ লক্ষ ৩৫ হাজার ৮২৯ টি ভোট ।

(২) গুয়াহাটি আসনে-- বিজেপির বিজুলী কলিতা মেধী কংগ্রেসের মীরা বরঠাকুর গোস্বামীর থেকে ২ লক্ষ ২৬ হাজার ৬৪০ ভোটে এগিয়ে রয়েছেন । শ্রীমতি মেধী পেয়েছেন- ৮ লক্ষ ৪৩ হাজার ৩২০টি ভোট । এবং শ্রীমতি গোস্বামী পেয়েছেন ৬ লক্ষ ১৬ হাজার ৬৮০ টি ভোট ।

(৩) ডিফু আসনে-- বিজেপির অমর সিং টিস্যো ১ লক্ষ ৪৬ হাজার ১৫১ ভোটে নির্দল প্রার্থী জে আই কাথার থেকে এগিয়ে রয়েছেন । শ্রী টিস্যো পেয়েছেন- ৩ লক্ষ ৩১ হাজার ১০৯ ভোট। এবং শ্রী কাথার পেয়েছেন- ১ লক্ষ ৮৪ হাজার ৯৫৮ টি ভোট ।

(৪) কাজিরাঙ্গা আসনে-- বিজেপি প্রার্থী বর্তমান সাংসদ কামাখ্যা প্রসাদ তাসা কংগ্রেস প্রার্থী রোজলিনা তির্কীর থেকে ২ লক্ষ ৪৬ হাজার ১২৫ ভোটে এগিয়ে রয়েছেন । শ্রী তাসা পেয়েছেন- ৮ লক্ষ ৯০ হাজার ৫৭২ ভোট । এবং শ্রীমতি তির্কী পেয়েছেন- ৬ লক্ষ ৪৪ হাজার ৪৪৭ ভোট।

(৫) শোণিতপুর আসনে-- বিজেপির প্রার্থী রঞ্জিত দত্ত ৩ লক্ষ ৫৭ হাজার ৮০০ ভোটে কংগ্রেস প্রার্থী প্রেমলাল গঞ্জুর থেকে এগিয়ে রয়েছেন । শ্রী দত্ত পেয়েছেন- ৭ লক্ষ ৬৮ হাজার ২৭০ ভোট । শ্রী গঞ্জু পেয়েছেন- চার লক্ষ ১০ হাজার ৪৭০ ভোট ।

(৬) লখিমপুর আসনে-- বিজেপি প্রার্থী প্রদান বড়ুয়া ২ লক্ষ ২৪০ ভোটে কংগ্রেসের উদয় শঙ্কর হাজারিকার থেকে এগিয়ে রয়েছেন । শ্রী বড়ুয়ার প্রাপ্ত ভোট হচ্ছে- ৬ লক্ষ ৫৮ হাজার ৬৪৪ ভোট । শ্রী হাজারিকা পেয়েছেন ৪ লক্ষ ৫৮ হাজার ৪০৪ ভোট ।

(৭) ডিব্রুগড় আসনে-- বিজেপি প্রার্থী বর্তমান কেন্দ্রীয় মন্ত্রী, রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়াল অসম জাতীয় পরিষদের লুরিনজ্যোতি গগৈর থেকে ২ লক্ষ ৭৬ হাজার ৮২০ ভোটে এগিয়ে আছেন । শ্রী সনোয়ালের প্রাপ্ত ভোট হচ্ছে- ৬ লক্ষ ৮৮ হাজার ৭৯৪ । এবং শ্রী গগৈর প্রাপ্ত ভোট হচ্ছে- ৪ লক্ষ ১১ হাজার ৯৭৪ ।

(৮) ধুবড়ি আসনে-- কংগ্রেসের রকিবুল হোসেইন এ আই ইউ ডি এফ প্রার্থী তথা ঐ দলের প্রধান বদর উদ্দিন আজমলের থেকে ৯ লক্ষ ৪১ হাজার ২৪৯

ভোটে এগিয়ে রয়েছেন । শ্রী হোসেইন পেয়েছেন- ১৩ লক্ষ ৭৭ হাজার ৪১১ ভোট । এবং শ্রী আজমল পেয়েছেন- ৪ লক্ষ ৩৬ হাজার ১৬২ টি ভোট ।

(৯) নগাঁও আসনে-- কংগ্রেসের প্রদ্যোৎ বরদলৈ বিজেপির সুরেশ বরার থেকে ২ লক্ষ ১১ হাজার ৩৮১ ভোটে এগিয়ে আছেন । শ্রী বরদলৈর প্রাপ্ত ভোট- ৭ লক্ষ ৬৬ হাজার ৯১০ । এবং শ্রী বরার প্রাপ্ত ভোট- ৫ লক্ষ ৫৫ হাজার ৫২৯ ।

(১০) যোরহাট আসনে-- কংগ্রেসের গৌরব গগৈ বিজেপি প্রার্থী তপন কুমার গগৈর থেকে ১ লক্ষ ৪০ হাজার ২৩৪ ভোটে এগিয়ে রয়েছেন । গৌরব পেয়েছেন- ৭ লক্ষ ৪১ হাজার ৭ টি ভোট । তপন পেয়েছেন-- ৬ লক্ষ ৭৭৩ টি ভোট ।

(১১) কোকরাঝাড় আসনে-- ইউনাইটেড পিপল্‌স পার্টি (লিবারেল) এর প্রার্থী জয়ন্ত বসুমাতারি বডোল্যান্ড পিপল্‌স ফ্রন্টের কাম্পা বরগয়ারির থেকে ৫২ হাজার ৯৯৯ ভোটে এগিয়ে রয়েছেন । জয়ন্ত পেয়েছেন- ৪ লক্ষ ৭৪ হাজার ৭২৭ ভোট । কাম্পা পেয়েছেন- ৪ লক্ষ ২১ হাজার ৭২৮ ভোট ।

(১২) বড়পেটা আসনে-- অসম গণপরিষদের ফণীভূষণ চৌধুরী কংগ্রেসের দীপ বায়েন থেকে ২ লক্ষ ১৯ হাজার ৮৮০ ভোটে এগিয়ে আছেন । শ্রী চৌধুরী পেয়েছেন- ৮ লক্ষ ৫০ হাজার ৭০৪ ভোট। এবং শ্রী বায়েন পেয়েছেন ৬লক্ষ ৩০ হাজার ৮২৪ ভোট।

---

কংগ্রেস দল আজ লোকসভা নির্বাচনের ফলাফল সম্পর্কে একটি সাংবাদিক সম্মেলন করেছে । এতে দলের সভাক্ষপতি মল্লিকার্জুন খার্গে, কংগ্রেস সভানেত্রী সোনিয়া গান্ধী, এবং রাহুল গান্ধী অংশ নেন । রাহুল গান্ধী ভোটদাতাদের ধন্যবাদ জ্ঞাপন করে এই নির্বাচন সংবিধান রক্ষার স্বার্থে অনুষ্ঠিত হয়েছে বলে মত প্রকাশ করেন । এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাত

আটটায় দিল্লিতে বিজেপি কার্যালয়ে উপস্থিত হয়ে দলীয় কর্মকর্তাদের সম্বোধন করবেন ।

---------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ের আওতাধীন দুবছরের বি এড কোর্সে ভর্তির জন্যে অনলাইন পোর্টাল আগামীকাল থেকে খোলা থাকবে। ছাত্রছাত্রীদের মধ্যে যারা ২০২৪-২০২৬ শিক্ষাবর্ষের এই কোর্সের জন্য শিলচরের টিচার্স ট্রেনিং কলেজ বা বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতিপ্রাপ্ত অন্যান্য কলেজে ইচ্ছুক, তাদেরকে www.ausexamination.ac.in/admission এই ওয়েবসাইটে আগামী ২০শে জুন পর্যন্ত আবেদন করতে বলা হয়েছে ।

এদিকে সাম্প্রতিক বন্যার জন্য কাছাড় কলেজে শরণার্থী শিবির চালু থাকায় এই কলেজের ছাত্রছাত্রীদের আসাম বিশ্ববিদ্যালয়ের আগামী বৃহস্পতি ও শুক্রবারের অর্থাৎ ৬ ও ৭ জুনের চলতি স্নাতক পরীক্ষা কাছাড় কলেজের পরিবর্তে গুরুচরণ কলেজে অনুষ্ঠিত হবে । বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক এক বিজ্ঞপ্তিতে এই খবর জানিয়ে আরো বলেছেন যে- বন্যার জন্য বিগত ২৯শে মে’র দুই শিফটের পরীক্ষার সূচী পরিবর্তন করে আগামী ছয়ই জুন ধার্য করা হয়েছিল । এর পরিপ্রেক্ষিতে ছয় তারিখ এবং পূর্ব নির্ধারিত সূচী অনুযায়ী সাত জুনের পরীক্ষা অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------